# জয়পুরহাট পৌরসভা
## জয়পুরহাট।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২২-২০২৩/১০১৫ তারিখ ঃ ২৮/০৫/২০২৩

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার 'যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক' কমিটির সভা ০৬/০৬/২০২৩ খ্রিঃ তারিখ রোজ ঃ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় পৌর মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র,<br>জয়পুরহাট পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫<br>জয়পুরহাট পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২)<br>জয়পুরহাট পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোঃ মতিয়ার রহমান বাবু | কাউন্সিলর, ওয়ার্ড নং-৭<br>জয়পুরহাট পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | জনাব এ,টি,এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী | সদস্য-সচিব | স্বাক্ষরিত |

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। স্যানেটারী ল্যান্ডফিল্ড বিষয়ে আলোচনা।
৩। মশক নিধন আলোচনা।
৪। বিবিধ

(মোছাঃ জান্নাতুল ফেরদৌস)
কাউন্সিলর, সংরক্ষিত - ০১
ও
সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।
২৮/০৫/২০২৩

প্রাপক ঃ

.........................................................

সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো
বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার "যোগাযোগ ও ভৌত অবকাঠামো" বিষয়ক কমিটির কার্যবিবরণী।

সভাপতি ঃ মোছাঃ জান্নাতুল ফেরদৌস, সংরক্ষিত - ০১, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ০৬/০৬/২০২৩ খ্রিঃ।
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

অদ্য ০৬/০৬/২০২৩ খ্রিঃ তারিখ রোজঃ মঙ্গলবার সময় ঃ ১১.০০ ঘটিকার পৌর মিলনায়তন এ যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কমিটির মোছাঃ জান্নাতুল ফেরদৌস। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

১ নং আলোচ্য সূচী ঃ গত সভার কার্যবিবরনী পঠন ও দৃঢকরণ প্রসঙ্গে।

আলোচনা ঃ সভাপতি মহোদয় গত সভার কার্যবিবরনী পাঠ করার জন্য কমিটির সচিবিক দায়িত্ব পালনকারী জনাব এ, টি, এম মোস্তাফিজুর রহমান, নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা কে আদেশ করেন। সভাপতি মহোদয়ের আদেশক্রমে উপস্থিত সভায় সদস্য-সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

সিদ্ধান্ত ঃ গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিভাবে দৃঢ় করণ করা হলো।

**২ নং আলোচ্য সূচী ঃ**

**স্যানেটারী ল্যান্ডফিল্ড বিষয়ে আলোচনা ঃ**

কাউন্সিলর মহোদয় স্যানেটারী ল্যান্ডফিল্ড বিষয়ে সভায় ব্যাপক আলোচনা করেন। তিনি বলেন, আধুনিক স্যানিটারি ল্যান্ডফিলগুলি বর্জ্যপদার্থ নিরাপদ বিভাজন করতে এবং ভূগর্ভস্থ জলের দূষন বা অন্যান্য পরিবেশগত সমস্যা প্রতিরোধ ,পরিবেশের ক্ষতি করতে পারে এমন কোন উপজাত ,লিকেজ এবং অন্য যে কোন কিছু নিরীক্ষনের জন্য ডিজাইন করা এবং লেয়ারিং সিস্টেম ব্যবহার করে বৈজ্ঞানিক উপায়ে নির্মান করা হয়।কাউন্সিলর মহাদয় বলেন,পৌর এলাকায় বর্জ ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধি না হওয়ার প্রতিদিন উৎপাদিত বর্জ্য এর ৫০ শতাংশই থেকে যাচ্ছে খোলা উন্মুক্ত স্থানে ও জলাশয়ে। এসব বর্জ্য পরিবেশগত ও স্বাস্থ্যগত ব্যাপক সমস্যা তৈরী করছে ছড়াছে প্রচন্ড দুর্গন্ধ ও রোগজীবানু । পৌর এলাকা বসবাসের ক্ষেত্রে অস্বাস্থ্যকর হয়ে পড়ছে। আমাদের দেশে বেশীরভাগ বর্জ্যই অপরিশোধিত অবস্থায় রয়ে যাচ্ছে। ডাস্টবিন থাকা সত্ত্বেও অনেক লোকজন ময়লা আবর্জনা যেখানে সেখানে ফেলে দিচ্ছে ।ফলশ্রুতিতে ড্রেন,নদী,নালা সবকিছু বুজে যাচ্ছে । অল্প বৃষ্টিতেই শুরু হচ্ছে জলাবদ্ধতা। যার বোগান্তি বা কষ্ট সবাইকে সহ্য করতে হচ্ছে । এইসব অবস্থার প্রেক্ষিতে মেয়র মোহাদয় জয়পুরহাট পৌরসভার বর্জ্য সঠিক ভাবে পরিশোধনের জন্য/করই কাদিপুর একটি আধুনিক ল্যান্ডফিল তৈরি করেছেন। যার কার্য্যক্রম বর্তমানে

জয়পুরহাট পৌরসভায় চালু হয়েছে। এখন থেকে পৌরবাসী ময়লা আবর্জনা বিন বা ঝুরিতে রাখবে এবং পৌরসভার পরিচ্ছন্নতা কর্মী প্রতেকের বাড়ি বাড়ি গিয়ে সেই ময়লা সংগ্রহ করবে। এতে করে পৌরসভার যেখানে সেখানে আর

ময়লা ফেলার প্রয়োজন হবেনা।এজন্য পৌরবাসিকে অবশ্যই সচেতন হতে হবে। পৌরবাসি সচেতন হলে তাহলে জয়পুরহাট পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার কঠিন যে চ্যালেঞ্জ সে বিষয়ে সফলতা অর্জন করতে পারবে।

**সিদ্ধান্তঃ** পৌরবাসী বিন বা ঝুরিতে ময়লা রাখবে এবং পরিচ্ছন্নতা কর্মী প্রত্যেকদিন সেই ময়লা সংগ্রহ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩ নং আলোচ্য সূচী ঃ

**বিষয়ে আলোচনা ঃ** কাউন্সিলর মহোদয় বলেন,মশার অত্যাচার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। জনজীবনে যাবতীয় সমস্যাগুলোর মধ্যে এটাও একটি গুরুত্বপূর্ণ সমস্যা হয়ে দাঁড়িয়েছে। বর্তমানে মশার উপদ্রব যেভাবে দেখা যাচ্ছে,তা বিগত কয়েক বছরে দেখা যায়নি। মশার জালাই অতিষ্ট হয়ে উঠছে জনজীবন। প্রতিটা কাজেই মশা এখন বাঁধা হয়ে দাঁড়িয়েছে। তবে এই মশার আক্রমনাক্তক ভাবে বৃদ্ধি পাওয়ার জন্য মূলত আমরা নিজেরাই দায়ী। কারন আমরা আমাদের বাড়ির চারপাশ ঠিকমত পরিষ্কার পরিচ্ছন্ন রাখি না। আমাদের বাড়ির ছাদগুলো ঠিকবাবে পরিষ্কার করি না। এর ফলে যে জায়গাগুলোতে পানি আটকে থাকে এই জায়গা থেকে মশার জন্ম হয় এবং মশার সংখ্যা বৃদ্ধি পেতে থাকে। এর ফলে আমাদের ডেঙ্গু,ম্যালেরিয়ার মত বিভিন্ন ধরনের রোগ হচ্ছে। এই মশার আক্রমন থেকে নিজেদের রক্ষা করার জন্য আমরা সচেতন হব এবং বাড়ির আশেপাশে পরিষ্কার রাখতে হবে। কাউন্সিলর মহোদয় আরো বলেন মশক নিধনের জ্যন মেয়র মহোদয়ের সাথে কথা বলে ওয়ার্ডে ওয়ার্ডে মশক নিধনের স্প্রে প্রদানের ব্যবস্থা করা হবে বলে আশা ব্যাক্ত করেন।

**সিদ্ধান্তঃ** মশক নিধনের জন্য পৌরসভা থেকে স্প্রে প্রদানের ব্যবস্থা করা হবে এবং পৌরবাসী সবাই তাদের বাড়ির আশপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ জান্নাতুল ফেরদৌস)
কাউন্সিলর, সংরক্ষিত - ০১
ও
সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।
১০৩/০৭/২০২৩

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২২-২০২৩/ ১১৬০ তারিখ ঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ......................,সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি।
৩। অফিস নথি।

(মোছাঃ জান্নাতুল ফেরদৌস)
কাউন্সিলর, সংরক্ষিত - ০১
ও
সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।
১০৩/০৭/২০২৩

# জয়পুরহাট পৌরসভা
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার "যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক" কমিটি

সভাপতি ঃ মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর, সংরক্ষিত - ০১, জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ০৬/০৬/২০২৩ খ্রিঃ।

রোজ ঃ মঙ্গলবার।

সময় ঃ ১১.০০ ঘটিকা।

### সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর, সংরক্ষিত - ০১, জয়পুরহাট পৌরসভা। | সভাপতি | |
| ২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৩ | দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫ জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৪ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৫ | মোঃ মতিয়ার রহমান বাবু | কাউন্সিলর, ওয়ার্ড নং-৭ জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৬ | এ,টি,এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী | সদস্য-সচিব | |